

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫১]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৪: ইবাদতে মধ্যমপন্থা অবলম্বন

(14) \_ باب في الاقتصاد في العبادة

### আরবী

وعن أبي ربعي حنظلة بن الربيع الأسيدى الكاتب أحد كتاب رسول الله صلى الله عليه وسلم قال: لقيني أبو بكر رضي الله عنه فقال: كيف أنت يا حنظلة؟ قلت: نافق حنظلة ( قال: سبحان الله ما تقول؟ ( قلت: نكون عند رسول الله صلى الله عليه وسلم يذكرنا بالجنة والنار كأنا رأي عين، فإذا خرجنا من عند رسول الله صلى الله عليه وسلم عافسنا الأزواج والأولاد والضيعات نسينا كثيراً. قال أبو بكر رضي الله عنه : فوالله إنا لنلقى مثل هذا، فانطلقت أنا وأبو بكر حتى دخلنا على رسول الله صلى الله عليه وسلم. فقلت: نافق حنظلة يا رسول الله ( فقال رسول الله صلى الله عليه وسلم : "وما ذاك؟" قلت: يا رسول الله نكون عندك تذكرنا بالنار والجنة كأنا رأي العين، فإذا خرجنا من عندك عافسنا الأزواج والأولاد والضيعات نسينا كثيراً. فقال رسول الله 0: "والذي نفسي بيده لو تدومون على ما تكونون عندي وفي الذكر لصافحتكم الملائكة على فرشكم وفي طرقكم، ولكن يا حنظلة ساعة وساعة" ثلاث مرات، (رواه مسلم).

#### বাংলা

১০/১৫৫। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একজন লেখক আবৃ রিব'য়ী হান্যালাহ ইবনু রাবী' আল-উসাইদী রাদিয়াল্লাহু 'আনহু বলেন, একদা আবৃ বকর রাদিয়াল্লাহু 'আনহু আমার সঙ্গে সাক্ষাৎ করে বললেন, 'হে হান্যালাহ! তুমি কেমন আছ?' আমি বললাম, 'হান্যালাহ মুনাফিক হয়ে গেছে!' তিনি (আশ্চর্য হয়ে) বললেন, 'সুবহানাল্লাহ! এ কি কথা বলছ?' আমি বললাম, 'কেথা এই য়ে, যখন) আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে থাকি, তিনি আমাদের সামনে এমন ভঙ্গিমায় জান্নাত ও জাহান্নামের আলোচনা করেন, যেন আমরা তা স্বচক্ষে দেখছি। অতঃপর যখন আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট থেকে বের



হয়ে আসি, তখন স্ত্রী সন্তান-সন্ততি ও অন্যান্য (পার্থিব) কারবারে ব্যস্ত হয়ে অনেক কিছু ভুলে যাই।' আবূ বকর রাদিয়াল্লাহু 'আনহু বললেন, 'আল্লাহর কসম! আমাদেরও তো এই অবস্থা হয়।' সুতরাং আমি ও আবূ বকর গিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমতে হাজির হলাম।

অতঃপর আমি বললাম, 'হে আল্লাহর রাসূল! হানযালাহ মুনাফিক হয়ে গেছে।' রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, "সে কি কথা?" আমি বললাম, 'হে আল্লাহর রাসূল! আমরা যখন আপনার নিকটে থাকি, তখন আপনি আমাদেরকে জান্নাত-জাহান্নামের কথা এমনভাবে শুনান; যেমন নাকি আমরা তা প্রত্যক্ষভাবে দেখছি। অতঃপর আমরা যখন আপনার নিকট থেকে বের হয়ে যাই এবং স্ত্রী সন্তান-সন্ততি ও কারবারে ব্যস্ত হয়ে পড়ি, তখন অনেক কথা ভুলে যাই। (এ কথা শুনে) রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, "সেই সত্তার কসম, যাঁর হাতে আমার প্রাণ আছে! যদি তোমরা সর্বদা এই অবস্থায় থাকতে, যে অবস্থাতে তোমরা আমার নিকটে থাক এবং সর্বদা আল্লাহর স্মরণে মগ্ন থাকতে, তাহলে ফিরিস্তাগণ তোমাদের বিছানায় ও তোমাদের পথে তোমাদের সঙ্গে মুসাফাহা করতেন। কিন্তু ওহে হানযালাহ! (সর্বদা মানুষের এক অবস্থা থাকে না।) কিছু সময় (ইবাদতের জন্য) ও কিছু সময় (সাংসারিক কাজের জন্য)।" তিনি এ কথা তিনবার বললেন।[1]

### **English**

(14) Chapter: Moderation in Worship

Hanzalah Al-Usayyidi (May Allah be pleased with him) who was one of the scribes of Messenger of Allah (ﷺ), reported:

I met Abu Bakr (May Allah be pleased with him) he said: "How are you O Hanzalah?" I said, "Hanzalah has become a hypocrite". He said, "Far removed is Allah from every imperfection, what are you saying?" I said, "When we are in the company of Messenger of Allah (ﷺ) and he reminds us of Hell-fire and Jannah, we feel as if we are seeing them with our very eyes, and when we are away from Messenger of Allah (ﷺ), we attend to our wives, our children, our business, most of these things (pertaining to life hereafter) slip out of our minds." Abu Bakr (May Allah be pleased with him) said, "By Allah, I also experience the same thing". So Abu Bakr (May Allah be pleased with him) and I went to Messenger of Allah (ﷺ) and I said to him, "O Messenger of Allah (ﷺ), Hanzalah has turned hypocrite." Thereupon Messenger of Allah (ﷺ) said, "What has happened to you?" I said, "O Messenger of Allah, when we are in your company, and are reminded of Hellfire and Jannah, we feel as if we are seeing them with our own eyes, but when we go away from you and attend to our wives, children and business, much of these things go out of our minds." Thereupon Messenger of Allah (ﷺ) said, "By Him in Whose Hand is my life if your state of mind remains the same as it is in my presence and you are always busy in remembrance (of



Allah), the angels will shake hands with you in your beds and in your roads; but Hanzalah, time should be devoted (to the worldly affairs) and time should be devoted (to prayer)". He (the Prophet (ﷺ)) said this thrice.

[Muslim].

## ফুটনোট

[1] মুসলিম ২৭৫০, তিরমিয়ী ২৪৫২, ২৫১৪, ইবনু মাজাহ ৪২৩৯, আহমাদ ১৭১৫৭, ১৮৫৬৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন